# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০।
আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ

মুজিববর্ষের প্রতিশ্রুতি আর্থিক খাতের অগ্রগতি

আইসটি পরিপত্র নং-০৩ /২০২০ তারিখ ঃ ০৮/১১/২০২০

## কম্পিউটার, কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও অন্যান্য সামগ্রী অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির গাইডলাইন

তথ্য প্রযুক্তির উৎকর্ষতায় বাংলাদেশ কৃষি ব্যাংকে ১৯৮৬-১৯৮৭ অর্থবছরে কম্পিউটার সংগ্রহপূর্বক কম্পিউটার সেল গঠন করা হয়। পরবর্তীতে ২০০১ সালে পঞ্চবার্ষিকী প্রণয়ন করতঃ শাখার অটোমেশনের কার্যক্রম চালু করা হয়েছে। বর্তমানে ব্যাংকের ৫২০টি শাখার মাধ্যমে প্রযুক্তিগত সেবা যেমনঃ Online Banking, BACH, BEFTN, RTGS, SMS, SWIFT, ATM, POS ও সকল শাখায় ফরেন রেমিটেন্স প্রদান করা হচ্ছে। এতদপ্রেক্ষিতে ব্যাংকের প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয়, আঞ্চলিক কার্যালয়, নিরীক্ষা কার্যালয়সহ সকল শাখায় কম্পিউটারের ব্যবহার ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। ফলে বিভিন্ন সময়ে ক্রয়/সরবরাহকৃত কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির আয়ুস্কাল ক্ষেত্র বিশেষ ১০ বছর অতিক্রান্ত হয়েছে। তন্মধ্যে অনেক কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি নষ্ট হয়ে গেছে; যা যত্রতত্র রাখার ফলে সার্বিক পরিবেশ অপরিচ্ছন্ন ও দৃষ্টিকটু এবং অস্বাস্থ্যকর অবস্থার সৃষ্টি হয়েছে। তাই ব্যবহার অনুপযোগী কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও অন্যান্য সামগ্রীর অকেজো ঘোষণাকরণের নীতিমালা প্রণয়নের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। বর্ণিত প্রেক্ষিতে কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ, নিলামে বিক্রয় ও নিষ্পত্তির লক্ষ্যে সকলের পরিপালনের জন্য নিম্নোক্ত নির্দেশনা জারী করা হলো ঃ

২.০। কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ কমিটি ও এতদসংক্রান্ত কারিগরি কমিটি নিম্নোক্তভাবে গঠন করা হলো ঃ

**প্রধান কার্যালয়**

| ক্র. নং | পদবী | বিভাগ | কমিটিতে পদবী |
|---|---|---|---|
| ০১। | মহাব্যবস্থাপক | আইসিটি মহাবিভাগ | সভাপতি |
| ০২। | উপ-মহাব্যবস্থাপক | আইসিটি অপারেশন বিভাগ | সদস্য |
| ০৩। | উপ-মহাব্যবস্থাপক | আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ | সদস্য |
| ০৪। | উপ-মহাব্যবস্থাপক | প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যান ও পরিবহন বিভাগ | সদস্য |
| ০৫। | উপ-মহাব্যবস্থাপক | এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ | সদস্য |
| ০৬। | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের একজন কম্পিউটার বিশেষজ্ঞ | | সদস্য |
| ০৭। | সহকারী মহাব্যবস্থাপক/ সিনিয়র সিস্টেম এনালিস্ট/ উর্ধতন মুখ্য কর্মকর্তা/সিস্টেম এনালিস্ট | আইসিটি অপারেশন বিভাগ | সদস্য-সচিব |

**বিভাগীয় কার্যালয়**

| ক্র. নং | পদবী | বিভাগ | কমিটিতে পদবী |
|---|---|---|---|
| ০১। | বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা | বিভাগীয় নিরীক্ষা কার্যালয় | সভাপতি |
| ০২। | উপ-মহাব্যবস্থাপক | বিভাগীয় কার্যালয় | সদস্য |
| ০৩। | সহকারী মহাব্যবস্থাপক/উর্ধতন মুখ্য কর্মকর্তা | বিভাগাধীন যেকোন কর্পোরেট শাখা/প্রধান শাখা | সদস্য |
| ০৪। | সহকারী মহাব্যবস্থাপক/উর্ধতন মুখ্য কর্মকর্তা/ আইসটি সেলের ইনচার্জ | বিভাগীয় কার্যালয় | সদস্য |
| ০৫। | উর্ধতন মুখ্য কর্মকর্তা/ মুখ্য কর্মকর্তা/ উর্ধতন কর্মকর্তা | বিভাগীয় কার্যালয় | সদস্য-সচিব |

**আঞ্চলিক কার্যালয়**

| ক্র. নং | পদবী | বিভাগ | কমিটিতে পদবী |
|---|---|---|---|
| ০১। | আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা | আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় | সভাপতি |
| ০২। | সহকারী মহাব্যবস্থাপক/উর্ধতন মুখ্য কর্মকর্তা/ মুখ্য কর্মকর্তা | মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয় | সদস্য |
| ০৩। | সহকারী মহাব্যবস্থাপক/উর্ধতন মুখ্য কর্মকর্তা/ আইসটি সেলের ইনচার্জ/ মুখ্য কর্মকর্তা | বিভাগীয় কার্যালয় | সদস্য |
| ০৪। | শাখা ব্যবস্থাপক | অঞ্চলাধীন প্রধান শাখা | সদস্য |
| ০৫। | আইসিটি কর্মকর্তা/ সমপর্যায়ের কর্মকর্তা (নূন্যতম ৯ম গ্রেড) | মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয় | সদস্য-সচিব |

কার্যপরিধিঃ

ক) কম্পিউটার, কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও অন্যান্য সামগ্রীর অকেজো ঘোষণাযোগ্য কারিগরি সাব-কমিটির সুপারিশ আলোকে অকেজো ঘোষণাকরণ কমিটি প্রয়োজনে সকল বা কিছু সংখ্যক অকেজো ঘোষণার প্রস্তাবকৃত কম্পিউটার, কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও অন্যান্য সামগ্রী প্রত্যক্ষ পরিদর্শন করে অকেজো ঘোষণা করবেন।

খ) অকেজো ঘোষণাযোগ্য কম্পিউটার, কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও অন্যান্য সামগ্রীর সংরক্ষিত মূল্য নির্ধারণ করবেন।

৩.০। অকেজো ঘোষণাযোগ্য কম্পিউটার, কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি সচল করার নিমিত্ত বিভিন্ন পার্টস প্রতিস্থাপন, সংযোজন, পরিবর্তন ও Re-assemble করে মেরামত করার জন্য কারিগরি সাব-কমিটি গঠন করা হলো ঃ

প্রধান কার্যালয়

| ক্র. নং | পদবী | বিভাগ | কমিটিতে পদবী |
|---|---|---|---|
| ০১। | সহকারী মহাব্যবস্থাপক/ সিনিয়র সিস্টেম এনালিস্ট | আইসিটি অপারেশন বিভাগ | সদস্য |
| ০২। | উর্ধতন মুখ্য কর্মকর্তা/সিস্টেম এনালিস্ট/ প্রোগ্রামার / মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার/মুখ্য কর্মকর্তা | আইসিটি সিস্টেমস বিভাগ | সদস্য |
| ০৩। | উর্ধতন মুখ্য কর্মকর্তা/নির্বাহী প্রকৌশলী/মুখ্য কর্মকর্তা | এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ | |
| ০৩। | উর্ধতন কর্মকর্তা/ এসিস্ট্যান্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার/ এসিস্ট্যান্ট প্রোগ্রামার/ কর্মকর্তা | আইসিটি অপারেশন বিভাগ | সদস্য |

বিভাগীয় কার্যালয়

| ক্র. নং | পদবী | বিভাগ | কমিটিতে পদবী |
|---|---|---|---|
| ০১। | সহকারী মহাব্যবস্থাপক/উর্ধতন মুখ্য কর্মকর্তা | বিভাগীয় কার্যালয় | সদস্য |
| ০২। | আইসিটি কর্মকর্তা | বিভাগীয় কার্যালয় | সদস্য |

আঞ্চলিক কার্যালয়

| ক্র. নং | পদবী | বিভাগ | কমিটিতে পদবী |
|---|---|---|---|
| ০১। | সহকারী মহাব্যবস্থাপক/উর্ধতন মুখ্য কর্মকর্তা | মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয় | সদস্য |
| ০২। | আইসিটি কর্মকর্তা | বিভাগীয় কার্যালয়/মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয় | সদস্য |

* বিভাগীয় কার্যালয়/মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়ে আইসিটি বিষয়ে অভিজ্ঞ কর্মকর্তা না থাকলে প্রধান কার্যালয়স্থ আইসিটি অপারেশন বিভাগের আইসিটি বিষয়ে অভিজ্ঞ কর্মকর্তা সদস্য হিসেবে মনোনীত হবেন।

কার্যপরিধিঃ

ক) অকেজো ঘোষণাযোগ্য কম্পিউটার, কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও অন্যান্য সামগ্রীর বিভিন্ন পার্টস প্রতিস্থাপন, সংযোজন, পরিবর্তন ও Re-assemble করে মেরামতযোগ্য নয় উল্লেখ করতঃ অকেজো ঘোষণা কমিটির নিকট মতামত/সুপারিশ প্রদান করবেন।

৪.০। শাখা/কার্যালয়/স্টাফ কলেজের কার্যাবলীঃ

৪.১। কম্পিউটার সমাগ্রী (বুক ভ্যালু ১.০০ টাকা ভিত্তিক) চিহ্নিত করবেন।

৪.২। অকেজো ঘোষণা যোগ্য কম্পিউটার সামগ্রীর তালিকা তৈরি করবেন।

৪.৩। অকেজো ঘোষিত কম্পিউটার/হার্ড ড্রাইভে রক্ষিত ডাটা প্রয়োজনে সংরক্ষণ করবেন। উল্লেখ্য, কম্পিউটার/হার্ড ড্রাইভ নিয়ন্ত্রণ কার্যালয়ে প্রেরণের পূর্বে রক্ষিত ডাটা অবশ্যই নষ্ট করবেন এবং কম্পিউটার/হার্ড ড্রাইভ ফরম্যাট করবেন।

৪.৪। ব্যবহারের অযোগ্য বা মেরামত করিয়া ব্যবহার অলাভজনক হিসেবে বিবেচিত কম্পিউটার, কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও অন্যান্য সামগ্রীসহ তথ্যাদি সম্পর্কে নির্ধারিত ছকে (পরিশিষ্ট-'ক') বিস্তারিত বিবরণ নিম্নোক্ত কার্যালয়ের নিকট প্রেরণ করবেন ঃ

| ক্র.নং | মালামাল ও প্রতিবেদন প্রেরণকারী শাখা/ কার্যালয় | মালামাল ও প্রতিবেদন গ্রহণকারী শাখা/ কার্যালয় |
|---|---|---|
| ০১। | শাখা/ আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়/ মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয় | সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয় |
| ০২। | কর্পোরেট শাখা / বিভাগীয় নিরীক্ষা কার্যালয়/ বিভাগীয় কার্যালয় | সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয় |
| ০৩। | প্রধান কার্যালয়ের বিভাগ/ স্টাফ কলেজ | আইসিটি অপারেশন বিভাগ, প্রধান কার্যালয়। |

৫.০। কম্পিউটার, কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও অন্যান্য সামগ্রী অকেজো ঘোষণার সময়কালঃ

| Category | Items | Productive Life for Replacement | Life for Dispose off/ End of Life |
|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 |
| 1. Immediate obsolescence | • Printing Consumables (Ink, Toners, Cartridges)<br>• DVDs, CDS, Pen Drives<br>• UPS Batteries<br>• CC TV Cameras | As per usage | Immediate on non-usability |
| 2. Fast obsolescence | • Laptops<br>• External Hard Disk Drive (HDD)<br>• Mobile Phones<br>• Modem<br>• UPS<br>• Scanners etc. | 3 years | 8 years |
| 3. Medium obsolescence | • Desktop Computers, Tower Servers<br>• Router, Switch, Firewall Networking Device etc.<br>• Photo Copier Machine etc.<br>• Security Device, Storage<br>• DC & DRS related Equipments<br>• Projectors | 5years | 10years |
| 4. Slow obsolescence | • DC & DRS related heavy equipments such as PAC, AVR, Central UPS, Rack Servers, VESDA, Fire Suppression System etc.<br>• Digital Cameras<br>• Other Electronics Items | 7years | 10years |

৬.০। <u>কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি ঘোষণার নির্ণায়ক ঃ</u>

৬.১। ঘন ঘন ত্রুটি দেখা যাচ্ছে এমন সব কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি যা বার বার মেরামতের ফলে ব্যবহার আর্থিকভাবে অলাভজনক হয়ে পড়েছে।

৬.২। যে সকল কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির এমন যন্ত্রাংশ পরিবর্তনের প্রয়োজন রয়েছে, মডেল পরিবর্তন অথবা প্রযুক্তির উৎকর্ষের দরুন যার উৎপাদন, বিপনন ও রক্ষণাবেক্ষণ বন্ধ হয়ে গেছে এইরুপ কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

৬.৩। যেসব কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি মেরামত করে সচল (এক বৎসর পূর্ণ ওয়ারেন্টিসহ) করার ব্যয় একই ক্ষমতা সম্পন্ন অনুরুপ যন্ত্রাদির বর্তমান বাজার মূল্যের ৫০% এর বেশী।

৬.৪। দূর্ঘটনাজনিতকারণে ক্ষতিগ্রস্থ হয়েছে অথবা যার অবয়ব/কাঠামোগত বিকৃতি ঘটেছে এরুপ কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

৬.৫। হার্ডওয়্যার এর গোলযোগের কারণে বার বার ত্রুটিপূর্ণ ফলাফল প্রদান করতেছে অথচ কোনভাবেই ত্রুটি নির্ণয় করা অথবা ত্রুটিমুক্ত করা সম্ভব হচ্ছে না এরুপ কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

৬.৬। কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির আয়ুস্কাল (ওয়ারেন্টিসহ নূন্যতম ৬ বছর) অতিবাহিত হয়েছে অথবা কার্যকারিতা ভীষণভাবে কমিয়া গেছে এমন কম্পিউটার, কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও অন্যান্য সামগ্রী।

৬.৭। পুরাতন প্রযুক্তিনির্ভর যে ধরনের কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি দেশে সাধারণভাবে অচল।

৭.০। **অকেজো ঘোষিত এমন কম্পিউটার, কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও অন্যান্য সামগ্রী নিস্পত্তি প্রক্রিয়া ঃ**

৭.১। কম্পিউটার, কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও অন্যান্য সামগ্রীর সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কার্যালয় অকেজো ঘোষণাকরণ কমিটির সুপারিশের আলোকে চূড়ান্ত সিদ্ধান্তের জন্য কর্তৃপক্ষের নিকট পেশ করবেন।

| ক্র.নং | শাখা/ কার্যালয় | অনুমোদনকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১। | শাখা/ আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়/ মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয় | সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক |
| ০২। | কর্পোরেট শাখা / বিভাগীয় নিরীক্ষা কার্যালয়/ বিভাগীয় কার্যালয় | সংশ্লিষ্ট বিভাগীয় মহাব্যবস্থাপক |
| ০৩। | প্রধান কার্যালয়ের বিভাগ/ স্টাফ কলেজ | উপ-ব্যবস্থাপনা পরিচালক (আইসিটি) |

৭.২। প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ ওসংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কার্যালয় অকেজো ঘোষণাকরণ কমিটি কর্তৃক নির্ধারিত মূল্যে কম্পিউটার, কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও অন্যান্য সামগ্রী বিক্রয় করবেন। নির্ধারিত মূল্যে কম্পিউটার, কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও অন্যান্য সামগ্রী বিক্রয় করতে ব্যর্থ হয় তবে সংরক্ষিত মূল্য পুনঃনির্ধারণের জন্য কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অকেজো ঘোষণা কমিটির সভায় পুনরায় উপস্থাপন করবেন।

৭.৩। কম্পিউটার, কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও অন্যান্য সামগ্রীর বিক্রয়কৃত অর্থ ব্যাংকের আয় খাতে জমা করবেন।

৭.৪। অকেজো ঘোষিত কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির কোন সংরক্ষিত মূল্যে না থাকলে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ/সংশ্লিষ্ট কার্যালয় কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও অন্যান্য সামগ্রী বিনষ্ট করিতে পারবেন।

৮.০। বর্ণিত গাইডলাইন অনুসরণপূর্বক কম্পিউটার, কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও অন্যান্য সামগ্রী অকেজো ঘোষণা ও নিলামে বিক্রয় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

08/11/2020

(মোঃ আজিজুল বারী)
মহাব্যবস্থাপক (প্রশাসন)
আইসিটি মহাবিভাগের দায়িত্বে

প্রকা/ আইসিটি (সিস্টেমস্)/গাইডলাইনস-১৩(১)/২০২০-২০২১/১৩৮০ — তারিখঃ ০৮/১১/২০২০

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি ঃ**

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। উপ-মহাব্যবস্থাপক, সকল বিভাগ, বিকেবি,প্রকা,ঢাকা।
০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। ব্যবস্থাপক, সকল শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। নথি/মহানথি।

Rashid 8.11.2020

(মোঃ মামুনুর রশীদ)
উপ-মহাব্যবস্থাপক

অচল/অকেজো ঘোষণাযোগ্য কম্পিউটার/ সংশ্লিষ্ট যন্ত্রপাতির তথ্য বিবরণী সীট

| ক্রমিক নং | অকেজো মালামালের বিবরণ | ব্রান্ড ও মডেল | ক্রয় বৎসর | সংখ্যা/পরিমান | প্রত্যাশিত/বিক্রয় মূল্য | মোট মূল্য |
|---|---|---|---|---|---|---|
| ০১। | | | | | | |
| ০২। | | | | | | |
| ০৩। | | | | | | |
| ০৪। | | | | | | |